



বাংলাদেশ গেজেট

আইনিক সংস্কাৰ

কৃত্তি কৃত্তি প্ৰক্ৰিয়া

অঙ্গুলবার, জানুয়াৰ ১১, ১৯৯৬

৮ম অন্ত—বেসরকারী ব্যক্তি এবং কৱিপোরেশন কৰ্ত্তক আৰ্দ্ধেৰ বিনিয়োগে জাৰীকৃত বিজ্ঞাপন •
নোটিশসমূহ।

বাংলাদেশ কাৰিগৰি শিক্ষা বোর্ড

আগামৰগাঁও, শেৱে বাংলা নগৰ

চাকা-১২০৭

প্ৰজ্ঞাপন

তাৰিখ, ১৭ই এপ্ৰিল, ১৯৯৬ ইং/৪ষ্ঠা বৈশাখ, ১৪০৩ বাঃ

এম. আৱ. ও, নং ৫০-আইন/৯৬—Technical Education Act, 1967 (E. P. Act No. I of 1967) এৰ section 40 (2) এৰ clause (f) এ প্ৰদত্ত ক্ষমতাবলৈ Bangladesh Technical Education Board, সরকাৰেৰ প্ৰদত্ত মোদনকৰ্ত্তৱে নিয়ন্ত্ৰণ প্ৰিবিধানমালা প্ৰণয়ন কৰিল, ৰাখা—

১। সংক্ষিপ্ত শিৱনাম।—এই প্ৰিবিধানমালা বেসরকারী কাৰিগৰি শিক্ষা প্রতিষ্ঠানৰ
অনুস্থাপনা কমিটি প্ৰিবিধানমালা, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্ৰস্তুতি পৰিপন্থী কিছু না থাকিলে, এই প্ৰিবিধানমালাৰ—

(১) “অভিভাৱক” অথ’ Guardians and Wards Act, 1890 (VIII of 1890) এৰ
section 4(2) তে উল্লিখিত কোন Guardian;

(২) “কাৰিগৰি শিক্ষা” অথ’ Technical Education Act, 1967 (E. P. Act No. I
of 1967) এৰ section 2 এৰ clause (d) তে উল্লিখিত Technical Education;

(৩) “প্রতিষ্ঠান” অথ’ Board কৰ্ত্তক স্বীকৃতিপ্ৰাপ্ত কাৰিগৰী শিক্ষা প্রতিষ্ঠান;

(১২০৯)

জন্ম : টাকা ০.০০

- (৪) “বোর্ড” অর্থ Technical Education Act, 1967 (E. P. Act No. 1 of 1967) এর section 3 এর অধীনে প্রতিষ্ঠিত Bangladesh Technical Education Board;
- (৫) “বাবস্থাপনা কমিটি” অর্থ এই প্রাবিধানমালার প্রাবিধান ৩ এর অধীনে গঠিত বাবস্থাপনা কমিটি।

৩। বাবস্থাপনা কমিটি।—(১) বোর্ডের অন্যোদয় সাপেক্ষে বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত প্রতোক্তি বেসরকারী কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানে উপ-প্রাবিধান (২) অন্দসারে একটি বাবস্থাপনা কমিটি ধারিবে।

(২) উপ-প্রাবিধান (১) এ উচিতিখীত বাবস্থাপনা কমিটি নিম্নবর্ণিতরূপে একজন সভাপতি ও নয়জন সদস্যের সমন্বয়ে গঠিত হইবেঃ

(ক) সভাপতি—

- (১) জেলা সদরে অবস্থিত প্রতিষ্ঠানের জন্য ডেপুটি কমিশনার স্বয়ং কিংবা তৎকর্তৃক মনোনীত একজন প্রথম শ্রেণীর গোজেটেড কর্মকর্তা;
- (২) জেলা সদরের বাহিরে অবস্থিত প্রতিষ্ঠানের জন্য ধানা নির্বাহী কর্মকর্তা স্বয়ং কিংবা তৎকর্তৃক মনোনীত একজন প্রথম শ্রেণীর গোজেটেড কর্মকর্তা;

(খ) সদস্য—

- (১) প্রতিষ্ঠানের অধ্যক্ষ অথবা প্রধান শিক্ষক, যিনি সদস্য-সচিবও হইবেন;
- (২) শিক্ষক, শিক্ষিকা, কর্মকর্তা ও কর্মচারীগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে নির্বাচিত দ্বাইজন সদস্য;
- (৩) প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের অভিভাবকগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে নির্বাচিত একজন সদস্য;
- (৪) প্রতিষ্ঠাতা, তবে যেকেন্তে একাধিক প্রতিষ্ঠাতা রহিয়াছেন, সেকেন্তে প্রতিষ্ঠাতা-গণ কর্তৃক তাহাদের মধ্য হইতে নির্বাচিত একজন সদস্য;
- (৫) দাতা, তবে যেকেন্তে একাধিক দাতা রহিয়াছেন, সেকেন্তে দ্বাতোগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে নির্বাচিত একজন সদস্য;
- (৬) একজন শিক্ষান্বয়ী বাস্তি যিনি প্রতিষ্ঠানের অধ্যক্ষ কিংবা প্রধান শিক্ষক কর্তৃক প্রস্তুতিবিত হইয়া সভাপতি কর্তৃক মনোনীত হইবেন এবং মাহাব বয়স সর্বনিম্ন চালিশ বৎসর হইবেঃ
- (৭) একজন প্রবৃষ্ট ও একজন রফিলা বিদোৎসাহী বাস্তি যাতাবা সরকারের অন্যোদয় সাপেক্ষে সভাপতি কর্তৃক মনোনীত হইবেন।

৪। নির্বাচন।—(১) প্রতিষ্ঠানের কোন শিক্ষক, শিক্ষিকা, কর্মকর্তা ও কর্মচারী বাবস্থাপনা কমিটিতে শুধুমাত্র শিক্ষক, শিক্ষিকা, কর্মকর্তা ও কর্মচারীদের প্রতিনিধি সদস্য ভিত্তি অন্য কোন পার্নের জন্য প্রতিষ্ঠানিতা করিতে পারিবেন না এবং প্রতিষ্ঠানে একজনাগারে কামপাসেহ এক বৎসর চাকুরী না করিলে কোন শিক্ষক, শিক্ষিকা, কর্মকর্তা বা কর্মচারী বাবস্থাপনা কমিটির সদস্য পদে প্রতিষ্ঠানিত করিতে পারিবেন না।

(২) প্রতিষ্ঠানে কোন অভিভাবকের একাধিক সম্মান বা পোষ্য থাকা সত্ত্বেও ব্যবস্থাপনা কর্মসূচির নির্বাচনে তাহার একটিমাত্র ভেটাধিকার থাকিবে।

৫। প্রতিষ্ঠাতা।—(১) কোন প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা হওয়ার জন্য যে কোন ব্যক্তি, সংস্থা বা সংগঠন কর্তৃক ন্যূনপক্ষে এক নক্ষ টাকা নগদ বা উহার সমম্ভালের স্থাবর বা অস্থাবর সম্পত্তি উত্তোলিত প্রতিষ্ঠানে দান করিবলে হইবে:

তবে শর্ত থাকে যে, এই প্রাবিধানমালা বলবৎ হওয়ার অব্যবহিত প্রুবে' কোন ব্যক্তি, সংস্থা বা সংগঠনের নাম কোন প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা সদস্যের তালিকায় অন্তর্ভুক্ত হইয়া থাকিলে তাহা এই উপ-প্রাবিধান স্বার্গ ক্ষেত্রে হইবে না।

(২) প্রতিষ্ঠাতা একজন হইলে তিনি ব্যবস্থাপনা কর্মিটির আজীবন সদস্য হইবেন এবং দ্বাইজন প্রতিষ্ঠাতার ক্ষেত্রে লটারীর মাধ্যমে এবং তিনি বা ততোধিক প্রতিষ্ঠাতার ক্ষেত্রে নির্বাচনের মাধ্যমে একজন প্রতিষ্ঠাতা ব্যবস্থাপনা কর্মিটির প্রতিষ্ঠাতা-সদস্য হইবেন।

(৩) প্রতিষ্ঠাতা একজন হইলে তিনি তাঁর মতুর পূর্বে বাবস্থাপনা কর্মসূচির সভাপতির বরাবরে লিখিতভাবে কোন বাঢ়ি, সংস্থা বা সংগঠনকে উত্তরসূরী হিসাবে প্রতিষ্ঠাতা সদস্যরূপে মনোনয়ন করিতে পারিবেন এবং এইব্যপে মনোনীত কোন উত্তরসূরী সদস্য মনোনয়নকারী প্রতিষ্ঠাতা সদস্যের স্থলাভিবিক্ত হইবেন :

ତବେ ଶତ୍ରୁ ଥାକେ ବୈ, ଉତ୍ତ ଉତ୍ତରମୟୀ ମଦମ୍ୟ ପରବତୀ ଆଖ କୋଣ ଉତ୍ତରମୟୀ ମନୋନନ୍ଦନ କରିତେ
ପାରିବେଳ ନା ।

৬। মাতা।—(১) কোন প্রতিষ্ঠানের দাতা সদস্য হওয়ার জন্য যে কোন ব্যক্তি, সংস্থা বা সংগঠনকে নতুনপক্ষে পম্পাশ হাজার টাকা নগদ কিংবা উহার সমম্ভালের স্থাবর বা অস্থাবর সম্পর্কিত উক্ত প্রতিষ্ঠানে দান করিতে হইবে।

(২) উপ-প্রতিধিন (১) এ উল্লিখিত দাতা ব্যবস্থাপনা কর্মটির আজীবন সদস্য থাকিবেন।

(৩) কোন বাস্তি, সংস্থা বা সংগঠন ন্যূনপক্ষে এককালীন নগদ দশ হাজার টাকা কোন প্রতিষ্ঠানে দান করিলে তিনি উক্ত প্রতিষ্ঠানের দাতা সদস্য নিবাচনের জন্য শুধুমাত্র একবার ভূটানের নির্মিত ভোটের হইবেন।

(8) উপ-প্রিধান (২) ও (৩) সত্ত্বেও কোন নির্বাচনের চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হওয়ার ন্যূনতম সাত দিন পূর্বে দানের নগদ অর্থ প্রতিষ্ঠানের বাইক একাউন্টে জমা প্রদান না করিবল দাতা উক্ত নির্বাচনে অংশগ্রহণ বা ভোট প্রদান করিতে পারিবেন না।

(৫) এই প্রতিধানমালা কার্যকর হইবার অব্যবহিত প্রৱেশ দাতার তালিকাভুক্ত কোন বাস্তি, মংচন বা সংগঠন দাতা-শ্রেণীর ভোটাইরাপে গণ হইবেন।

৭। ভোট প্রদান।—ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে—(ক) যে শ্রেণীর যতটি সদস্য পদ বিদ্যমান, তাঁর শ্রেণীর একজন ভোটার সন্মতি ততটি পদে ভোট প্রদান করিতে পারিবেন; এবং

(খ) কোন ভোটারই একের অধিক শ্রেণী হইতে বা একাধিক পদে নির্বাচনে প্রতিষ্ঠিত
ক্ষমতায় পারিবেন না।

৪। ব্যবস্থাপনা কমিটির মেয়াদ।—ব্যবস্থাপনা কমিটির মেয়াদ হইবে ইহার প্রথম সভা প্রতিষ্ঠানের তারিখ হইতে পরবর্তী তিনি বৎসর।

তবে শর্ত থাকে যে, উক্ত মেয়াদ শেষ হইয়া বাইবার পরও পরবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠিত হইয়া উহার প্রথম সভা অন্তিমত না হওয়া পর্যন্ত প্র্বৰ্বতী ব্যবস্থাপনা কমিটি কার্যক্রম চালাইয়া থাইতে পারিবে।

৫। ব্যবস্থাপনা কমিটির প্রথম সভা আহবান।—ব্যবস্থাপনা কমিটি গঠিত হইবার পর প্র্বৰ্বতী ব্যবস্থাপনা কমিটি কিংবা এডহক কমিটির মেয়াদ শেষ হওয়ার তিথি দিনের মধ্যে ন্তৃত্ব ব্যবস্থাপনা কমিটির সভাপতির অন্মোদনক্রমে সদস্য-সচিব প্রথম সভা আহবান করিবেন।

১০। ব্যবস্থাপনা কমিটির অবলূপ্তি।—(১) বোর্ড, ব্যবস্থাপনা কমিটির বিরুদ্ধে, জেলা প্রশাসক, ধানা নির্বাহী কর্মকর্তা, কারিগরির শিক্ষা অধিদপ্তর বা শিক্ষা মন্ত্রণালয়ের কোন কর্মকর্তা কর্তৃক অব্যোগ্যতা, আধুর্যক অনীনবগ, অপরিকল্পিত পরিচালনা কিংবা প্রতিষ্ঠানের স্বার্থে বা সন্তানের পরিপন্থী কোন কার্যকলাপ সম্পর্কিত কোন লিখিত অভিযোগ প্রাপ্ত হইলে অথবা, বোর্ড কর্তৃক জারীকৃত সাধারণ বা স্ট্রিনিডিষ্ট কোন নির্দেশ পালনে ব্যবস্থাপনা কমিটি ব্যথা হইলে, উপ-প্রবিধান (২) সাপেক্ষে ব্যবস্থাপনা কমিটির অবলূপ্তি ঘোষণা করিতে পারিবে।

(২) ব্যবস্থাপনা কমিটির অবলূপ্তি ঘোষণার প্র্বৰ্বে ব্যবস্থাপনা কমিটিকে অন্তুন তিথি দিনের মধ্যে বোর্ডের নিকট লিখিতভাবে অবলূপ্তির ঘোষণার বিরুদ্ধে বক্তব্য, যদি থাকে, দাখিলের জন্য নোটিশ দিতে হইবে।

(৩) উপ-প্রবিধান (২) মোতাবেক তিথি দিনের মধ্যে লিখিত বক্তব্য বোর্ডে না পেঁচাইলে স্বৰ্বৰতী দিন হইতে স্বয়ংক্রিয়ভাবে ব্যবস্থাপনা কমিটি অবলূপ্ত বলিয়া গণ্য হইবে।

(৪) উপ-প্রবিধান (২) মোতাবেক দাখিলকৃত লিখিত বক্তব্য বোর্ডের নিকট সল্লেক্ষনক না হইলে বোর্ড সংগে সংগে ব্যবস্থাপনা কমিটির অবলূপ্তি ঘোষণা করিবেন এবং উক্ত ঘোষণার কোন আর্থিক হইতে ব্যবস্থাপনা কমিটি অবলূপ্ত হইবে, তাহা উক্তের থাকিবে।

১১। এডহক কমিটি।—প্রবিধান ১০ মোতাবেক ব্যবস্থাপনা কমিটি অবলূপ্ত হইলে বোর্ড, অন্তর্ভুক্ত জন্য একটি এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করিবে।

১২। এডহক কমিটির গঠন।—এই এডহক কমিটি বর্ণিতরূপে গঠিত হইবে, যথা:—

(ক) সভাপতি—

- (১) জেলা সদরে অবস্থিত প্রতিষ্ঠানের জন্য ডেপুটি কমিশনার স্বয়ং কিংবা তৎকর্তৃক মনোনীত একজন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা;
- (২) জেলা সদরের বাহিরে অবস্থিত প্রতিষ্ঠানের জন্য ধানা নির্বাহী কর্মকর্তা স্বয়ং কিংবা তৎকর্তৃক মনোনীত একজন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা;

(খ) সদস্য—

- (১) প্রতিষ্ঠানের অধ্যক্ষ অথবা প্রধান শিক্ষক, যিনি সদস্য-সচিবও হইবেন;
- (২) এডহক কমিটির সভাপতি কর্তৃক মনোনীত দ্বাইজন শিক্ষাবিদ;

- (৩) অধ্যক্ষ বা প্রধান শিক্ষক কর্তৃক মনোনীত প্রতিষ্ঠানের একজন শিক্ষক; এবং
- (৪) জেলা সদরে অবস্থিত প্রতিষ্ঠানের জন্য ডেপুটি কমিশনার কর্তৃক মনোনীত একজন অভিভাবক এবং জেলা সদরের বাহিরে অবস্থিত প্রতিষ্ঠানের জন্য ধানা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত একজন অভিভাবক।

১৩। এডহক কমিটির কোরাম।—এডহক কমিটির সভার কোরামের জন্য ন্যূনতম তিন জনে সদস্যের উপরিলিপির প্রয়োজন হইবে।

১৪। এডহক কমিটির দায়িত্ব।—ব্যবস্থাপনা কমিটি যে সকল দায়িত্ব পালন করিব, এডহক কমিটিরও সেই সকল দায়িত্ব ধারিবে।

১৫। ব্যবস্থাপনা কমিটির নির্বাচন পরিচালনা।—(১) জেলা সদরে অবস্থিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে ডেপুটি কমিশনার কর্তৃক মনোনীত একজন প্রথম শ্রেণীর গেজেটেড সরকারী কর্মকর্তা প্রিজাইডিং অফিসার হিসাবে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন পরিচালনা করিবেন এবং জেলা সদরের বাহিরে অবস্থিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে ধানা নির্বাহী অফিসার স্বয়ং অথবা তৎকর্তৃক মনোনীত অন্য কোন একজন গেজেটেড সরকারী কর্মকর্তা প্রিজাইডিং অফিসার হিসাবে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন পরিচালনা করিবেন।

(২) শিক্ষক প্রতিনিধি নির্বাচন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ বা প্রধান শিক্ষক পরিচালনা করিবেন।

(৩) ব্যবস্থাপনা কমিটির সকল পদের নির্বাচন গোপন ব্যালটের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

১৬। নির্বাচন অনুষ্ঠানের সময়।—ব্যবস্থাপনা কমিটির মেয়াদ শেষ হওয়ার অন্তর্বর্তী দিন প্রথমে ব্যবস্থাপনা কমিটির চেয়ারম্যান পরবর্তী ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

১৭। ভোটার তালিকা প্রণয়ন।—(১) প্রতিষ্ঠানের প্রধান সকল শ্রেণীর ভোটারদের একটি খসড়া তালিকা তৈরী করিয়া তাহা অনুমোদনের জন্য নির্বাচনের অন্তর্বর্তী বিয়ালিশ দিন প্রথমে ব্যবস্থাপনা কমিটিতে পেশ করিবেন।

(২) খসড়া ভোটার তালিকা অনুমোদনের নিম্নত ব্যবস্থাপনা কমিটির যে সভা অনুষ্ঠিত হইবে, সেই সভা অনুষ্ঠানের দিনে প্রতিষ্ঠানের ছাতছাতীদের হাজিরা খাতায় যাহাদের নাম লিপিবদ্ধ ধারিবে, তাহাদের অভিভাবকগণ অভিভাবক শ্রেণীর ভোটার হিসাবে গণ্য হইবেন।

(৩) ব্যবস্থাপনা কমিটি কর্তৃক খসড়া ভোটার তালিকা অনুমোদিত হওয়ার পর পরবর্তী কাষদিবসে উক্ত তালিকায় উচিল্লাসিত অভিভাবকদের নাম তাহাদের অবগতির জন্য প্রত্যেক শ্রেণীতে পাঠদানকালে ছাতছাতীদের পঢ়িয়া শনাইতে হইবে এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য একই দিনে উক্ত তালিকা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডেও টাঙ্গাইয়া দিতে হইবে।

(৪) ভোটার তালিকার কোন সংযোজন, পরিবর্তন বা পরিমার্জন সংক্রান্ত কোন আবেদন খসড়া ভোটার তালিকা প্রকাশের উক্ত দিনসহ পরবর্তী পাঁচ দিনের মধ্যে প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকের নিকট লিখিতভাবে পেশ করা যাইবে।

(৫) ভোটার তালিকায় কোন সংযোজন, পরিবর্তন বা পরিমার্জন সংক্রান্ত কোন আবেদনপত্র প্রহসনের জন্য নির্ধারিত সময়সীমা উত্তীর্ণ হওয়ার পরবর্তী তিন দিনের মধ্যে ব্যবস্থাপনা কর্মিটি একটি সভার মিলিত হইয়া প্রাপ্ত সকল আবেদনপত্র যথাযথভাবে বিবেচনাপূর্বক খসড়া ভোটার তালিকা সংশোধনক্রমে কিংবা কোনো সংশোধন ছাড়াই চূড়ান্ত করিবেন।

(৬) উপ-প্রাবিধান (৫) মোতাবেক প্রস্তুতকৃত চূড়ান্ত ভোটার তালিকা পরবর্তী কার্যদিবসে প্রত্যেক শ্রেণীতে পাঠদানকালে ছাত্রছাত্রীদের পাড়িয়া শুনাইতে হইবে এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য একই দিনে প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে এই তালিকা পরবর্তী তিন দিন টাঙ্গাইয়া রাখিতে হইবে।

১৮। মনোনয়নপত্র।—(১) যে তারিখে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হইবে, সেই তারিখের পরবর্তী প্রথম কার্য দিবসে ব্যবস্থাপনা কর্মিটির বিভিন্ন পদে প্রতিম্বন্ত্বতার জন্য আগ্রহী মনোনয়ন প্রার্থীদের নিকট হইতে মনোনয়নপত্র দাখিলের জন্য লিখিত বিজ্ঞপ্তি প্রকাশ করিতে হইবে এবং উক্ত বিজ্ঞপ্তি প্রত্যেক শ্রেণীকক্ষে পাঠদানকালে ছাত্রছাত্রীদের সামনে পাড়িয়া শুনাইতে হইবে এবং উহার অনুলিপি একই দিনে প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে টাঙ্গাইয়া দিতে হইবে।

(২) চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হইবার পরবর্তী সপ্তম দিবস পর্যন্ত কর্মিটিতে প্রত্যেক শ্রেণীর সদস্য নির্বাচনের জন্য লিখিতভাবে ন্যূনতম একজন ভোটার কর্তৃক প্রস্তাবিত এবং অপর একজন ভোটার কর্তৃক সমর্থিত হইয়া বোর্ডের নির্ধারিত ফরমে মনোনয়নপত্র দাখিল করিতে হইবে।

(৩) নির্বাচনের প্রিজাইডিং অফিসার বরাবরে পদের নাম উল্লেখপূর্বক মনোনয়নপত্র উপ-প্রাবিধান (১) এ উল্লিখিত বিজ্ঞপ্তিতে নির্ধারিত তারিখের মধ্যে প্রতিষ্ঠানের প্রধানের নিকট দাখিল করিতে হইবে।

(৪) মনোনয়নপত্র দাখিলের শেষ দিনের পরবর্তী প্রথম কার্যদিবসের প্রবাহে নির্বাচনে অংশগ্রহণকারীগণের অথবা তাহাদের প্রতিনিধিদের উপনিষত্যিতে প্রিজাইডিং অফিসার দাখিলকৃত সকল মনোনয়নপত্র পরীক্ষান্তে বাছাইকৃত বৈধ মনোনয়নপত্রের একটি তালিকা প্রস্তুতপূর্বক প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে টাঙ্গাইয়া দিবেন এবং সেই ক্ষেত্রে মনোনয়নপত্রের বৈধতা সম্পর্কে প্রিজাইডিং অফিসারের সিদ্ধান্তই চূড়ান্ত বিলিয়া বিবেচিত হইবে।

(৫) বাছাইকৃত বৈধ মনোনয়নপত্রসমূহের তালিকা প্রকাশিত হওয়ার পরবর্তী তিন দিনের মধ্যে যে কোন প্রাথমিক তাহার মনোনয়নপত্র প্রত্যাহার করিতে পারিবেন।

(৬) যদি ব্যবস্থাপনা কর্মিটির কোন শ্রেণীর পদের জন্য বৈধ মনোনয়নপত্রের সংখ্যা উত্তীর্ণ শ্রেণীর জন্য নির্ধারিত আসন সংখ্যার সমান কিংবা কম হয়, তবে সেই ক্ষেত্রে প্রিজাইডিং অফিসার উক্ত বৈধ মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণকে উক্ত আসন বা আসনসমূহে নির্বাচিত বিলিয়া ঘোষণা করিবেন।

১৯। নির্বাচনের তফসিল।—প্রতিষ্ঠানের প্রধান নির্বাচন অন্তিমানের জন্য নির্ধারিত তারিখের অন্তর্বর্তীন সাত দিন পৰ্বে নির্বাচনের তফসিল সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে টাঙ্গাইয়া দিবেন।

২০। নির্বাচনের ফলাফল ঘোষণা।—নির্বাচন অনুষ্ঠানের স্থানে ভোট গণনা করিয়া সঙ্গে সঙ্গে নির্বাচনের ফলাফল ঘোষণা করিতে হইবে এবং একাধিক প্রাথমী সমান সংখ্যাক ভোট পাইলে প্রিজাইডিং অফিসার কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে লাইসেন্স মাধ্যমে ফলাফল নির্ধারণ করিতে হইবে।

২১। নির্বাচনের রেকর্ড সংরক্ষণ।—বাবস্থাপনা কাগাটের মেয়াদকাল শেষ না হওয়া পর্যন্ত নির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত সকল কাগজাদি ও রেকর্ডপত্র প্রিজাইডিং অফিসারের স্বাক্ষরযুক্ত সৈলিকভাবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করিতে হইবে।

২২। নির্বাচন সংক্রান্ত অভিযোগ।—(১) নির্বাচনে প্রতিবন্ধিতাকারী কোন প্রাথমী নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে কোন অভিযোগ থাকিলে নির্বাচন সমাপ্তির তিন দিনের মধ্যে সংশ্লিষ্ট ডেপুটি কমিশনারকে লিখিতভাবে জানাইতে হইবে এবং উক্ত অভিযোগের অনুলিপি বোর্ড এবং প্রতিষ্ঠানের প্রধানকে প্রদান করিতে হইবে।

(২) ডেপুটি কমিশনার অভিযোগ প্রাপ্তির তিথি দিনের মধ্যে অভিযোগ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণক্রমে তাহা বোর্ড এবং প্রতিষ্ঠানের প্রধানকে অবহিত করিবেন।

(৩) নির্বাচন সংক্রান্ত অভিযোগের ক্ষেত্রে ডেপুটি কমিশনারের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৪) নির্বাচন অনুষ্ঠানের প্রবর্তনী তিন দিনের মধ্যে প্রত্যেক শ্রেণীতে নির্বাচিত প্রতিনিধি-বর্গের নাম এবং নির্বাচনের কার্যবিবরণী শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক বোর্ডে প্রেরণ করিতে হইবে।

২৩। প্রদান নির্বাচন।—যদি ডেপুটি কমিশনার কর্তৃক কোন নির্বাচিত সদসোৱ সদস্যপদ বাল্কিং হয়, তবে প্রতিষ্ঠানের প্রধান লিখিতভাবে ডেপুটি কমিশনারের সিদ্ধান্ত উক্ত সদস্যকে তান্তিক করিবেন এবং ডেপুটি কমিশনারের সিদ্ধান্ত ঘোষণার প্রবর্তনী তিথি দিনের মধ্যে এই প্রবিধানমালা মোতাবেক প্রদান নির্বাচন অনুষ্ঠানের কাজ সম্পন্ন করিতে হইবে।

২৪। সদস্য পদে প্রাথমিক।—কোন বাণিজ বাবস্থাপনা কমিটির নির্বাচনে কোন পদে প্রাপ্ত-স্বচিন্তা আয়োগ বিবেচিত হইবেন, যদি—

(ক) তিনি নৈতিক অবক্ষয় বা অন্য কোন ফৌজদারী অপরাধের জন্য আন্দালত কর্তৃক দণ্ডিত হইয়া থাকেন এবং এইরূপ দণ্ডভোগের পর পাঁচ বৎসরকাল অতিক্রান্ত না হইয়া থাকে;

(খ) বাবস্থাপনা কমিটির সভাপতির অনুসত্তি বাতিরেকে তিনি পর পর তিনিটির বেশী সভায় অনুপস্থিত থাকেন;

(গ) বে শ্রেণীর সদস্য পদে প্রাথমী হাইকোর্ট ইচছুক, সেই শ্রেণীর ভোটের না হন; অথবা

(ঘ) তিনি প্রতিষ্ঠানের কোন ছাত্র বা ছাত্রীর অভিভাবক না হন;

তবে শৰ্ত থাকে যে, বাবস্থাপনা কমিটির সদস্য তিসার ত্বাহার মেয়াদকালের মধ্যে যদি তাহার সম্ভাবন বা পোকা প্রতিষ্ঠানের অধিসন সম্মত করিয়া বা অন্য কারণে প্রতিষ্ঠান তাগ করে, তবে প্রতিষ্ঠান তাগের তাৰিখ হাইকোর্ট অভিভাবকৰ বাবস্থাপনা কমিটির সদস্য পদ বাতিল বলিয়া গণ্য হইবে এবং তিনি ভোটারও আৰ্কয়েল না।

২৫। সভা অনুষ্ঠান।—(১) সভাপতি অথবা তাহার অনুপস্থিতিতে সভাপতি কর্তৃক মনোনীত কোন সদস্য কমিটির সভার সভাপতিত্ব করিবেন।

(২) ব্যবস্থাপনা কমিটির সভা প্রত্যেক শিক্ষা বৎসরে অন্তর্ন ছয় বার অনুষ্ঠিত হইবে এবং একটি সভা হইতে আর একটি সভার মধ্যে সময়ের ব্যবধান যাট দিনের বেশী হইবে না।

(৩) ব্যবস্থাপনা কমিটি প্রয়োজনে জরুরী বা বিশেষ সভাও অনুষ্ঠান করিতে পারিবে।

(৪) সভাপতির সঙ্গে আলোচনাক্ষেত্রে সদস্য-সচিব ব্যবস্থাপনা কমিটির সভার তারিখ নির্ধারণ করিবেন।

(৫) সভা অনুষ্ঠানের অন্তর্ন সাত দিন পূর্বে আলোচনাস্টোর্চ সভা অনুষ্ঠানের বিজ্ঞপ্তি রেজিস্ট্রিকেশন ডাকযোগে কিংবা বার্তাবাহকের মাধ্যমে সদস্য-সচিব কর্তৃক ব্যবস্থাপনা কমিটির সভাপতিসহ সকল সদস্যের নিকটে প্রেরণ করিতে হইবে।

(৬) সদস্য-সচিব যথাসময়ে ব্যবস্থাপনা কমিটির সভা আহবান করিতে না পারিলে ব্যবস্থাপনা কমিটির সভাপতি জরুরী সভাসহ যে কোন সভা আহবান করিতে পারিবেন।

২৬। বিশেষ সভা।—ব্যবস্থাপনা কমিটির অন্তর্ন দ্বাই-তত্ত্বাংশ সদস্যের স্বাক্ষরযুক্ত বিজ্ঞপ্তিতে ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিবকে কোন বিশেষ সভা অনুষ্ঠানের অন্তর্বে করা যাইতে পারে এবং এইরূপ অন্তর্বে প্রাপ্ত পর সদস্য-সচিব পরবর্তী পনের দিনের মধ্যে ব্যবস্থাপনা কমিটির বিশেষ সভা আহবান করিবেন, তবে সদস্য-সচিব কোন কারণে উক্ত সভা আহবান করিতে বাধ্য হইলে উক্ত সদস্যগণই সাত দিনের বিজ্ঞপ্তি প্রদানপ্রক বিশেষ সভা আহবান করিতে পারিবেন।

২৭। জরুরী সভা।—সদস্য-সচিব চার্চিশ ঘন্টার প্রা-বিরামিত প্রদান স্থাপকে ব্যবস্থাপনা কমিটির জরুরী সভা আহবান করিতে পারিবেন এবং এইরূপ জরুরী সভা ছাটিকালৈন সময়েও অনুষ্ঠিত হইতে পারিবে, তবে উক্ত জরুরী সভার কার্যবিবরণী পরবর্তী সাধারণ সভার পেশ করিয়া সংখ্যাগরিষ্ঠ সিদ্ধান্ত ঘোষণা অনুমোদন প্রাপ্ত করিতে হইবে।

২৮। সভার আলোচনাস্টোর্চ।—(১) ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠানের জন্য প্রস্তু বিজ্ঞপ্তিতে উল্লিখিত আলোচনাস্টোর্চ অন্যান্য সভাজনুষ্ঠিত হইবে এবং সভার উপস্থিত দ্বাই-তত্ত্বাংশ সদস্যের সম্মতি বাতিলের আলোচনাস্টোর্চ বাহির করার বিষয়ে সভায় আলোচনা ও সিদ্ধান্ত প্রাপ্ত করা যাইবে না।

(২) শিক্ষক বা কর্মচারী নিরোগ ক্রিয়া তাহাদের ব্যক্তিস্তুক্ষয় বা কেন্দ্র ছাত্র বা ছাত্রীর বহিস্কার সংক্রান্ত কোন আলোচনাস্টোর্চ বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত না থাকিলে তাহা উক্ত সভার আলোচনা করা ও সেই সম্পর্কে কোন সিদ্ধান্ত প্রাপ্ত করা যাইবে না।

(৩) সভার বিজ্ঞপ্তিকে অন্তর্ভুক্ত করা হয় নাট এমন কোন আলোচনাস্টোর্চের উপর আলোচনা জন্মাইল হইলে এবং কোন সিদ্ধান্ত গ্রহণ করা হইলে তাহা সঙ্গে সঙ্গে কমিটির সকল সদস্যকে লিখিতভাবে জানাইতে হইবে এবং কমিটির পরবর্তী সভায় তাহা প্রেরণার উপায়ে কোরিয়া অনুমোদন প্রাপ্ত করিতে হইবে এবং এইরূপ অনুমোদন প্রাপ্তয়োকে উক্ত সিদ্ধান্ত কার্যবাল করা যাইবে না।

২৯। সভার কার্যবিবরণী।—সদস্য-সচিব সভার একটি কার্যবিবরণী বাহি প্রস্তুত করিবেন এবং তাহাতে ব্যবস্থাপনা কমিটির সকল সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করিবেন এবং প্রবর্বতী সভার কার্যবিবরণী পরবর্তী সভায় পাঠ করিয়া শোনানোর পর অনুমোদিত হইলে উক্ত কার্যবিবরণীতে ব্যবস্থাপনা কমিটির সভাপতি এবং সদস্য-সচিব উভয়েই স্বাক্ষর প্রদান করিবেন।

৩০। সভার স্থান।—ব্যবস্থাপনা কমিটির সভা সাধারণতঃ প্রতিষ্ঠানেই অনুষ্ঠিত হইবে, তবে, বিশেষ ফেছে সভাপতির অনুমতিজ্ঞমে অন্য যে কোন স্থানে সভা অনুষ্ঠিত হইতে পারিবে।

৩১। সভার কোরাম।—(১) কোন সভায় ছয় জন সদস্যের উপস্থিতিতে কোরাম গঠিত হইবে।

(২) কোন সভায় কোরাম না হইলে পরবর্তী তারিখ নির্ধারণপ্রর্বক সভা স্থগিত বা মূল-তবী করিতে হইবে এবং মূলতবী সভায় কোরামের থ্রয়োজন হইবে না।

(৩) সভায় সংখ্যাগরিষ্ঠ সদস্যের ভোটে সিদ্ধান্ত গহণীত হইবে কিন্তু কোন সিদ্ধান্তের পক্ষে ও বিপক্ষে সমান সংখ্যাক সদস্যের ভোট পাইলে সেই ক্ষেত্রে সভার সভাপতিত্বকারী বাস্তির একটি নির্ণয়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

৩২। সামরিক শৰ্নাতা।—(১) ব্যবস্থাপনা কমিটির মেয়াদকালের মধ্যে পদত্যাগ, মৃত্যা, বদলী বা অন্য কোন কারণে কোন পদ শৰ্ন্য হইলে নিম্নবর্ণিত পদ্ধতিতে তাহা প্রৱণ করিতে হইবে, বিধাঃ—

(ক) নির্বাচিত সদস্যের ক্ষেত্রে যে শ্রেণীর পদটি শৰ্ন্য হইবে, সেই শ্রেণীর নির্বাচনে যিনি শ্বিতীয় সর্বোচ্চ ভোট পাইয়াছিলেন, তাহাকে ব্যবস্থাপনা কমিটিতে অন্তর্ভুক্ত করিতে হইবে, তবে যদি উক্ত শ্রেণীর শ্বিতীয় সর্বোচ্চ ভোট প্রাপ্ত কোন ব্যক্তি না থাকেন, সেই ক্ষেত্রে ব্যবস্থাপনা কমিটি উক্ত শ্রেণী হইতে অপর যে কোন একজন যোগ্যতাসম্পন্ন ব্যক্তিকে সদস্য হিসাবে কো-অপ্ট করিতে পারিবেন;

(খ) মনোনীত সদস্যের ক্ষেত্রে উক্ত সদস্য যে শ্রেণীভুক্ত, সেই শ্রেণীর অপর একজন যোগ্যতা সম্পন্ন ব্যক্তিকে উক্ত পদে মনোনয়ন দেওয়া যাইবে।

(২) উপ-প্রতিধান (১) মোতাবেক ব্যবস্থাপনা কমিটিতে অন্তর্ভুক্ত বা মনোনীত সদস্য, যত দিনের জন্য সামরিক শৰ্ন্যাতা সংষ্ঠিত হইবে, তত দিন পর্যন্ত প্রতিধান ২৪ সাপ্তক্ষে ব্যবস্থাপনা কমিটিতে অন্তর্ভুক্ত বা মনোনীত সদস্য হিসাবে বহাল থাকিবেন।

৩৩। অর্থ ব্যবস্থাপনা।—(১) ব্যবস্থাপনা কমিটির সভাপতি উক্ত কমিটির কোন সদস্যকে আহরণক করিয়া অনধিক তিন সদস্যবিশিষ্ট একটি অর্থ উপ-কমিটি গঠন করিবেন।

(২) প্রতিষ্ঠানের প্রধান এবং কমিটির অপর দুইজন সদস্য অর্থ উপ-কমিটিতে সদস্য থাকিবেন।

(৩) অর্থ উপ-কমিটি মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হইয়া প্রতিষ্ঠানের আয়-বায়ের হিসাব পরীক্ষা-নিরীক্ষা করিবেন।

(৪) অর্থ উপ-কমিটি প্রতিষ্ঠানের নামে কোন পোষ্টাল সেভিংস ব্যাংকে অথবা কোন ফার্মসিলি ব্যাংকে একটি হিসাব খুলিবে এবং প্রতিষ্ঠানে জমাকৃত অর্থের পরিমাণ ১,০০০০ (এক হাজার) টাকা-এর উদ্ধেশ্যে হইলে, তাহা উক্ত হিসাবে জমা দিতে হইবে।

(৫) প্রতিষ্ঠানের বাংক হিসাব, বাবস্থাপনা কমিটির সভাপতি এবং সদস্য-সচিবের যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে।

(৬) সভাপতির অনুপস্থিতিতে বাবস্থাপনা কমিটি কর্তৃক শিক্ষক-সদস্য নহেন এমন একজন মনোনৈত সদস্য এবং সদস্য-সচিব যৌথভাবে এই হিসাব পরিচালনা করিবেন।

৩৪। বাজেট।—অর্থ উপ-কমিটি বাবস্থাপনা কমিটি কর্তৃক শিক্ষক-সদস্য নহেন এমন একজন প্রতিষ্ঠানের জন্য প্রতি আর্থিক বৎসরের বাজেট প্রণয়ন করিয়া বাবস্থাপনা কমিটিতে অনুমোদনের নিমিত্ত পেশ করিবে।

৩৫। প্রতিষ্ঠান প্রধানের দায়িত্ব ও কর্তব্য।—প্রতিষ্ঠানের প্রধান প্রতিষ্ঠানের—

(ক) তহবিল, সম্পত্তির দলিল এবং অন্যান্য দলিল দস্তাবেজ এবং রেকর্ড-পত্রের উত্তীর্ণ করা এবং বোর্ডের পরীক্ষার জন্য পরীক্ষার্থী বাছাই করা সম্পর্কিত কার্যবালী প্রতিষ্ঠানের অন্যান্য শিক্ষক-শিক্ষিকাগণের সঙ্গে পরামর্শ-ত্রয়ো সম্পাদন করিবেন;

(খ) দৈনন্দিন শিক্ষা সম্পর্কিত কার্যক্রম পরিচালনার দায়িত্ব পালন করিবেন:

তবে শর্ত থাকে যে, তিনি শিক্ষা সম্পর্কিত কার্যক্রমের মধ্যে উক্ততর শ্রেণীতে উত্তীর্ণ করা এবং বোর্ডের পরীক্ষার জন্য পরীক্ষার্থী বাছাই করা সম্পর্কিত কার্যবালী প্রতিষ্ঠানের অন্যান্য শিক্ষক-শিক্ষিকাগণের সঙ্গে পরামর্শ-ত্রয়ো সম্পাদন করিবেন।

৩৬। অডিট।—(১) প্রতিষ্ঠানের আয়-বায়ের হিসাব সরকার কর্তৃক নিরোগকৃত অডিটের মাধ্যমে প্রতোক বৎসর অডিট করাইতে হইবে এবং প্র্বৰ্বত্তী বৎসরের আয়-বায়ের হিসাব অডিট করার পর অডিটকারী কর্তৃক উহার কপি বোর্ড, নিরীক্ষা অধিদপ্তর, প্রতিষ্ঠান প্রধান ও জেলা শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে।

(২) প্রতিষ্ঠানের তহবিল হইতে অডিট ফি পরিশোধ করিতে হইবে।

(৩) প্রতিষ্ঠানের আয়-বায়ের অডিট রিপোর্ট পাওয়ার পর তাহা বাবস্থাপনা কমিটির প্রবর্তী প্রথম সাধারণ সভায় বিবেচনার জন্য উপস্থাপন করিতে হইবে এবং বাবস্থাপনা কমিটি উক্ত অডিটের কোন আপত্তি থাকিলে তাহা নিপত্তির বাবস্থা গ্রহণ করিবেন।

৩৭। বাবস্থাপনা কমিটির ক্ষমতা ও দায়িত্ব।—বাবস্থাপনা কমিটি প্রতিষ্ঠানের—

(ক) প্রয়োজনীয় তহবিল গঠন ও পরিচালনা করিবে;

(খ) শিক্ষক, শিক্ষিকা, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিবে;

(গ) শিক্ষক, শিক্ষিকা, কর্মকর্তা ও কর্মচারীগণের নিয়ন্ত্রণ ও শৃঙ্খলামূলক দায়িত্ব পালন করিবে;

(ঘ) ন্তন পদ সংষ্টির স্পৃহারিশ করিবে;

- (৪) শিক্ষক, শিক্ষিকা, কর্মকর্তা ও কর্মচারীগণের ছুটি মঙ্গল করিবে;
- (৫) পরিদর্শনকারী কর্মকর্তাগণের পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা করিবে এবং তৎপ্রেক্ষিতে বাবস্থা গ্রহণ করিবে;
- (৬) ভবিষ্যত তহবিল পরিচালনা করিবে এবং উহা হইতে অগ্রম মঙ্গলীর আবেদন বিবেচনা করিবে;
- (৭) অর্থ উপ-কমিটি কর্তৃক প্রণীত বাজেট অনুমোদন করিবে এবং প্রতিষ্ঠানের বিভিন্ন বায় নিয়ন্ত্রণ করিবে;
- (৮) ছাত্র-ছাত্রীদের প্রদেয় বেতন সম্পূর্ণ বা আংশিক মণ্ডুকুলের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে;
- (৯) প্রতিষ্ঠানের প্রয়োজনে বই, সরঞ্জাম ও যন্ত্রপাতি, জমি, ইমারত ও অন্যান্য সম্পত্তি তয়, বিক্রয়, নির্মাণ ও মেরামত করার বাবস্থা করিবে;
- (ট) জৈড়া, কমন্যুল ও স্মরণিকা সম্পাদক ছাত্র-ছাত্রীদের উপর ফি ধার্য করিতে পারিবে;
- (ঠ) সংরক্ষিত তহবিল, সাধারণ তহবিল, ইমারত নির্মাণ তহবিল, খেলাধূলা তহবিল, প্রশাসন তহবিল ও পরীক্ষা তহবিল নামে তহবিল গঠন ও পরিচালনা করিতে পারিবে;
- (ড) শিক্ষক, শিক্ষিকা, কর্মকর্তা এবং কর্মচারীদের প্রাপ্ত বেতন ও ভাতাদি পরিশোধের ব্যবস্থা করিবে;
- (ঢ) স্থাবর ও স্থত্র সম্পত্তির হাল নাগাদ তালিকা সংরক্ষণ করিবে;
- (ণ) বোর্ড এবং সরকারের নিকট হইতে প্রাপ্ত সকল প্রকার নির্দেশ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা করিবে;
- (ত) ছাত্র-ছাত্রীদের শৃঙ্খলা বিষয়ক কার্যাদি সম্পাদন করিবে;
- (থ) আয়-বায়ের হিসাব অভিট করানোর ব্যবস্থা করিবে;
- (দ) সকল স্থাবর এবং অস্থাবর সম্পত্তির নিরাপত্তা, হেফাজত ও যথাযথ তত্ত্ববধানের ব্যবস্থা করিবে; এবং
- (ধ) ছাত্র-ছাত্রীদের জন্য প্রয়োজনীয় শ্রেণীকক্ষের নিশ্চয়তা বিধান করিবে এবং শিক্ষক, শিক্ষিকা, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের জন্য সম্ভাব্য ক্ষেত্রে প্রয়োজনীয় আবাসের ব্যবস্থা করিবে।

৩৮। সংস্থা পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা করিব।—(১) মিশনারী, শিক্ষা সম্পর্কীত সমিতি, সেনানিবাস, বেলওয়ে, পৌরসভা, সিটি কর্পোরেশন, বিশ্ববিদ্যালয় বা অন্য কোন সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত বা নিয়ন্ত্রণাধীন শিক্ষা প্রতিষ্ঠানে নিম্নোক্তভাবে ব্যবস্থাপনা করিব।

- (ক) সভাগতি: সংস্থার প্রধান বা তৎকর্তৃক মনোনীত বাস্তি
- (খ) সদস্য-সচিব: শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান (পদাধিকারবলে)
- (গ) সদস্য:
 - (১) শিক্ষক, শিক্ষিকা কর্মকর্তা ও কর্মচারীগণ কর্তৃক তাঁহাদের মধ্য হইতে নির্বাচিত একজন সদস্য;

- (২) প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের অভিভাবকগণ কর্তৃক তাঁদের মধ্য হইতে নির্বাচিত দুইজন সদস্য;
- (৩) সংস্থার প্রধান কর্তৃক মনোনীত দুইজন বাস্তি;
- (৪) ডেপুটি কারিগরীর কর্তৃক মনোনীত একজন শিক্ষানুরাগী বাস্তি;
- (৫) বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক মনোনীত একজন শিক্ষানুরাগী বাস্তি।

(২) সংস্থা পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে বিশেষ পরিস্থিতিতে সরকার বিশেষ কমিটির অনুমোদন প্রদান করিতে পারিবেন। তবে এইক্ষেত্রে প্রতিষ্ঠানটি বেতন-ভাত্তাদিগুর সরকারী অংশগ্রহণ করিলে ইহাকে উপ-প্রিবিধান ৩৮(১) অনুযায়ী কমিটি গঠন করিতে হইবে।

৩৯। সাধারণ শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থা পরিচালিত সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্মিটি।—সাধারণ শিক্ষা প্রতিষ্ঠান তথা বিদ্যালয়, মহাবিদ্যালয় ও মাদ্রাসা কিংবা মিশনারী, শিক্ষা সম্পর্কৰ্ত সমিতি, সেনানিবাস, রেলওয়ে, পোর্টসভা, সিটি কর্পোরেশন, বিম্ববিদ্যালয় বা অন্য কোন সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত বা নিয়ন্ত্রণাধীন সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানে কারিগরী শিক্ষা কার্য্যক্রম চালু করা হইলে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের বিদ্যালয় ব্যবস্থাপনা কর্মিটি কাঠামো বহাল থাকিবে।

তবে শর্ত থাকে যে, উক্ত ব্যবস্থাপনা কর্মিটিতে বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক মনোনীত একজন শিক্ষানুরাগী বাস্তিকে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে হইবে।

৪০। অন্তর্ভুক্তকালীন ব্যবস্থা।—এই প্রিবিধানমালা কার্য্যকর হওয়ার অবাবহিত প্রথে প্রতিষ্ঠানের জন্য গঠিত কোন ব্যবস্থাপনা কর্মিটি বা এডহক কর্মিটি উহার মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত বহাল থাকিবে এবং উক্ত কর্মিটি এই প্রিবিধানমালার অধীনে গঠিত কোন ব্যবস্থাপনা কর্মিটি বা এডহক কর্মিটির ন্যায় ক্ষমতা প্রয়োগ, কার্য্যবলী সম্পাদন ও দারিদ্র পালন করিতে পারিবে।

বোর্ডের আদেশক্রমে

আবদ্ধ রফিক

চেয়ারম্যান।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক মন্ত্রিত
মোঃ আতোয়ার রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।